

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
৪র্থ তলা, ১৪/২, তোপখানা রোড, ঢাকা- ১০০০
www.heu.gov.bd

পত্র নং: ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০০৪.২৩. ২৪৩

তারিখ: ৩০/০৩/২০২৩ খ্রি.

বিষয়: স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে)-কে অধিকতর কার্যকরভাবে বাস্তবায়ন এবং এর সফল সম্প্রসারণের লক্ষ্যে বরিশাল জেলার উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি ও ইউনিয়ন পর্যায়ের জনপ্রতিনিধি ও অন্যান্য অংশীজনদের সাথে মতবিনিময় কর্মশালা।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কর্তৃক বাস্তবায়নাধীন স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) পাইলট প্রজেক্ট টাঙ্গাইল জেলায় চলমান রয়েছে। ইতোমধ্যে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ এবং দেশের আরও ৬টি জেলায় (বরগুনা, লালমনিরহাট, লক্ষীপুর, মানিকগঞ্জ, কুড়িগ্রাম ও বরিশাল) এসএসকে কর্মসূচি সম্প্রসারণের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তারই আলোকে বরিশাল জেলার সদর উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি ও ইউনিয়ন পর্যায়ের জনপ্রতিনিধি ও অন্যান্য অংশীজনদের সাথে আগামী ০৬/০৪/২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে।

২। ড. মো: এনামুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট উক্ত কর্মশালায় প্রধান অতিথি এবং ড. সৈয়দা নওশিন পর্ণিনী, পরিচালক (গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট বিশেষ অতিথি হিসেবে উক্ত কর্মশালায় অংশগ্রহণ করবেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল সদর উপজেলা, বরিশাল উক্ত সভায় উপস্থিত থেকে সভাপতিত্ব করবেন।


৩। উক্ত সভায় সংযুক্ত তালিকায় বর্ণিত আমন্ত্রিত অতিথিবর্গের উপস্থিতি নিশ্চিত করে কর্মশালাটির আয়োজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

০১ - অনুষ্ঠানসূচি

০২ - অংশগ্রহনকারীদের তালিকা

উপজেলা নির্বাহী কর্মকর্তা
বরিশাল সদর উপজেলা, বরিশাল।


(মো: সিরাজুল ইসলাম)
উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
ফোনঃ+৮৮ ০২ ৯৫৮৬৮২০
ইমেইল: dd3@heu.gov.bd

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. পরিচালক (গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২. জেলা প্রশাসক, বরিশাল।
৩. পুলিশ সুপার, বরিশাল।
৪. সিভিল সার্জন, বরিশাল।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, বরিশাল।
৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর উপজেলা, বরিশাল।
৭. নেজারত ডেপুটি কালেক্টর, বরিশাল। (প্রয়োজনীয় আবাসন ও যানবাহন সরবরাহের অনুরোধসহ)
৮. সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
৯. মহাপরিচালক-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)
১০. সংশ্লিষ্ট নথি।

সংযুক্তি-০১

স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) উপজেলা পর্যায়ের কর্মশালার অনুষ্ঠানসূচি

স্থান: সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ

সময়	বিষয়	আলোচক
০৯:৩০-১০:০০	রেজিস্ট্রেশন	
১০:০০-১০:১০	স্বাগত বক্তব্য	এসএসকে সেলের কর্মকর্তাগণ
১০:১০-১১:০০	এসএসকে বিষয়ক উপস্থাপনা এসএসকে বিষয়ক ভিডিও প্রদর্শন	এসএসকে সেলের কর্মকর্তাগণ
১১:০০-১১:৩০	প্রশ্নোত্তর পর্ব	সকল অংশগ্রহণকারী
১১:৩০-১১:৪৫	ডাটাবেজ এর জন্য ফর্ম পূরণ	সকল অংশগ্রহণকারী
১১:৪৫-১২:০০	এসএসকে টিমের বক্তব্য	এসএসকে সেলের কর্মকর্তাগণ
১২:০০-১২:৩০	অতিথিদের বক্তব্য	<ul style="list-style-type: none">• মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট• পরিচালক (গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট• উপজেলা চেয়ারম্যান• পৌরসভা মেয়র (প্রয়োজ্য ক্ষেত্রে)• উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা• উপজেলা ভাইস-চেয়ারম্যান
১২:৩০-০১২:৫০	ডাটাবেজ এর জন্য ছবি সংগ্রহ	
১২:৫০-০১:০০	সমাপনী বক্তব্য	উপজেলা নির্বাহী কর্মকর্তা

সংযুক্তি-০২

স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) উপজেলা পর্যায়ের কর্মশালায় অংশগ্রহনকারীদের তালিকা

অংশগ্রহনকারী কর্মকর্তাবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	অংশগ্রহনকারী জনপ্রতিনিধিবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. উপজেলা নির্বাহী কর্মকর্তা	১. উপজেলা পরিষদ চেয়ারম্যান
২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	২. পৌর-মেয়র (প্রযোজ্য ক্ষেত্রে)
৩. উপজেলা কৃষি কর্মকর্তা	৩. উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান (পুরুষ)
৪. সহকারী কমিশনার (ভূমি)	৪. উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান (মহিলা)
৫. আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	৫. পৌরসভা (প্রযোজ্য ক্ষেত্রে): কমিশনার-৯, মহিলা সদস্য-৩, পৌর-সচিব-১ (মোট ১৩ জন)
৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	৬. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল ইউনিয়ন)
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা	৭. ইউনিয়ন পরিষদ সাধারণ সদস্য (সকল ইউনিয়ন)
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	৮. ইউনিয়ন পরিষদ সংরক্ষিত সদস্য (মহিলা-সকল ইউনিয়ন)
৯. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার	
১০. উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তা	
১২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
১৩. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা	
১৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৫. উপজেলা তথ্য আপা	
১৬. ইউনিয়ন পরিষদ সচিব (সকল ইউনিয়ন)	
১৭. দফাদার (সকল ইউনিয়ন)	
অন্যান্য	
১. সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব	